# Rape Law Reform Coalition-RLRC। ধর্ষণ আইন সংস্কার জোট

২৯ জুন ২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

**কুমিল্লার মুরাদনগরে নারীর প্রতি সংঘটিত যৌন এবং অনলাইন সহিংসতার ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণ, সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া সংশ্লিষ্ট ভিডিও কন্টেন্ট দ্রুত সরিয়ে নেয়া এবং ভুক্তভোগীর নিরাপত্তা নিশ্চিতের জোরালো দাবী জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট**

কুমিল্লার মুরাদনগরে নারীর প্রতি সংঘটিত যৌন এবং অনলাইন সহিংসতার ন্যাক্কারজনক ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট। একইসাথে, এ ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জোরালো দাবী জানাচ্ছে জোট। পাশাপাশি, সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ঘটনা সংশ্লিষ্ট ছড়িয়ে পড়া ভিডিও কন্টেন্ট দ্রুত সরিয়ে নেয়া এবং ভুক্তভোগী নারীর নিরাপত্তা নিশ্চিতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে এ জোট।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন হতে জানা যায় যে, গত বৃহস্পতিবার ২৬ জুন ২০২৫ তারিখ আনুমানিক রাত ১০ ঘটিকায় কুমিল্লার মুরাদনগর থানাধীন ১১ নং দক্ষিন রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়নের বাহেরচরে ফজর আলী (৩৮) নামের জনৈক ব্যক্তি ভুক্তভোগী নারী (২৫) কে তাঁর বাবার বাড়ির দরজা ভেঙে ভেতরে ঢুকে ধর্ষণ করে। এ সময় অপর চার জন ব্যক্তি এ ঘটনাটির ভিডিও ধারণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়। প্রতিবেদন হতে আরও জানা যায়, ভুক্তভোগীর আর্তনাদে আশেপাশের প্রতিবেশীরা তাঁকে উদ্ধার করতে যেয়ে দেখে ঘরের দরজা ভাঙ্গা এবং কিছু লোক তাঁকে মারধর করছে এবং সেই মারধরের ভিডিও ধারণ করেও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়।

উল্লেখ্য যে, বাংলাদেশে বিদ্যমান আইন যথাক্রমে ১৮৬০ সালের দন্ডবিধির ৩৭৬ ধারা এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত অধ্যাদেশ ২০২৫) এর ৯(১) ধারায় ধর্ষণ অপরাধ কে একটি শাস্তিযোগ্য অপরাধ এবং ১৪ ধারায় অনলাইন বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্যাতনে ভুক্তভোগী নারী সংশ্লিষ্ট যে কোন তথ্য বা ছবি প্রকাশ কে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে।

এ ঘটনায় সংক্ষুব্ধ হয়ে ভুক্তভোগী নারী নিজে গত শুক্রবার ২৭ জুন মুরাদনগর থানায় একটি মামলা দায়ের করেন। এর প্রেক্ষিতে এ ধর্ষণ অপরাধের মূল অভিযুক্ত ফজর আলীকে আজ রবিবার ভোর পাঁচটায় ঢাকার সায়েদাবাদ এলাকা থেকে গ্রেফতার করা হয়। এবং উক্ত নারীকে নির্যাতনের ভিডিও ধারণ এবং তা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ার অভিযোগে আরও চার ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

এমতাবস্থায়, নারীর প্রতি সংঘটিত এ সহিংসতার ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জোরালো দাবী জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট। পাশাপাশি, সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ঘটনা সংশ্লিষ্ট ছড়িয়ে পড়া ভিডিও কন্টেন্ট দ্রুত সরিয়ে নেয়া এবং ভুক্তভোগী নারীর নিরাপত্তা নিশ্চিতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে এ জোট। একইসাথে, এ ধরণের সহিংসতার ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিশেষ আবেদন জানাচ্ছে এ জোট।

**আরো তথ্য জানতে দেখুন –**

**Web:** https://blast.org.bd/campaigns/rape-law-reform-now/

**Facebook:** https://www.facebook.com/rapelawreformcoalition

**Email:** rlrcoalition@gmail.com

**প্রয়োজনে যোগাযোগ করুন**
ধর্ষণ আইন সংস্কার জোট এর সচিবালয়ের পক্ষে
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd

ধর্ষণ আইন সংস্কার জোট ১৭টি সংগঠন এর সমন্বয়ে গঠিত এ জোটের মধ্যে রয়েছে আইন ও সালিশ কেন্দ্র, আইসিডিডিআর,বি, উইক্যান, উইমেন ফর উইমেন, একশন এইড বাংলাদেশ, এসিড সার্ভাইভারস ফাউন্ডেশন, ইয়াং উইমেন্স খ্রিষ্টিয়ান এসোসিয়েশন-ওয়াইডাব্লিউসিএ, কেয়ার বাংলাদেশ, জাস্টিস ফর অল নাও, উইমেন উইথ ডিজ্যাবিলিটিজ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন - ডাব্লিউডিডিএফ, নারীপক্ষ, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, ব্র্যাক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (সচিবালয়), মানুষের জন্য ফাউন্ডেশন।